

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।


সভাপতিঃ সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখঃ ২২ জানুয়ারি ২০২০
সময়ঃ ১১.৩০ ঘটিকা

১। সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্যতম অনুসঙ্গ হিসেবে শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ কাজ। তিনি ২০১৮-২০১৯ সময়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে ৫১টি মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে এ মন্ত্রণালয় শিল্প মন্ত্রণালয়ের সঙ্গে যৌথভাবে ২য় স্থান অর্জন করায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শাকিলা জেরিন আহমেদ মন্ত্রণালয়ের আওতাধীন শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় জানানো হয় মন্ত্রণালয়ের লক্ষ্যমাত্রা অর্জিত হলেও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দু'একটি ক্ষেত্রে এখনও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তৃতীয় কোয়ার্টারের মধ্যে এ বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য গুরুত্বারোপ করা হয়। দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/প্রতিনিধিগণ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে অন্তরায়ের বিষয়ে আলোচনা করেন। সভায় দপ্তর/সংস্থার ওয়েবসাইটসমূহ পর্যবেক্ষণ করা হয়। সভায়, সেবাবক্সসমূহ হালনাগাদকরণ, কর্মপরিকল্পনার সংশোধনী, অভিযোগ নিষ্পত্তি, সিটিজেন চার্টার, শাখা/অফিস পরিদর্শন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনার শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে নিজ নিজ দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে আন্তঃসমন্বয় সুদৃঢ় করতে হবে;
- (খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় কোন সংশোধনী থাকলে তা দ্বিতীয় কোয়ার্টারের নৈতিকতা সভায় অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (গ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে মনোযোগী হতে হবে। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা কোয়ার্টার সমাপ্তির পূর্বেই অর্জনের পদক্ষেপ নিতে হবে;
- (ঘ) অধিদপ্তর/দপ্তরসমূহের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ প্রকল্প ও সিটিজেন চার্টার বাস্তবায়নের যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল নির্দেশিকা মোতাবেক অধিদপ্তর/দপ্তর/সংস্থায় সুশাসন ও চাকুরী বিধি সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- (চ) অধিদপ্তর/দপ্তরসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ে কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে হবে এবং মনিটরিং করতে হবে।

৩। পরিশেষে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের কর্মতৎপরতা বৃদ্ধির আহ্বানসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


26/02/2020

সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়